



গবেষণা ও সম্প্রসারণ কেন্দ্র
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ

স্মারক নং- জাককানইবি/অভ্য.গপ্রআ/২০২৬-২০২৭/০১

তারিখ: ০৮/০৩/২০২৬খ্রি.

২০২৬-২০২৭ অর্থ বছরের গবেষণা প্রকল্প প্রস্তাবনা আহবান

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষকমণ্ডলীকে জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয়ের নিজস্ব তহবিল হতে বরাদ্দকৃত অর্থের বিপরীতে ২০২৬-২০২৭ অর্থ বছরের জন্য গবেষণা প্রকল্প প্রস্তাবনা আহবান করা হচ্ছে। আগ্রহী গবেষকগণকে আগামী ১৬/০৪/২০২৬ খ্রি. মধ্যে তিন (০৩)কপি গবেষণা প্রস্তাবনা- পরিচালক, গবেষণা ও সম্প্রসারণ কেন্দ্র বরাবর নির্ধারিত ফরমেট অনুযায়ী নিম্নে উল্লিখিত শর্তসাপেক্ষে জমাদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। উল্লিখিত ০৩(তিন) কপি প্রস্তাবনার মধ্যে ০১(এক) কপিতে জমাকারীর নাম, পদবি, স্বাক্ষর ও বিভাগ উল্লেখ করে জমা দিতে হবে এবং বাকি ০২(দুই) কপিতে জমাকারীর নাম, পদবি, স্বাক্ষর ও বিভাগ উল্লেখ করার প্রয়োজন নেই। এছাড়াও আগ্রহী গবেষকগণকে নিম্নোক্ত লিংকের মাধ্যমে প্রকল্প প্রস্তাবনার Soft Copy প্রদান করতে হবে:

<https://researchcenter.jkknui.edu.bd>

শর্তাবলী:

০১. ইতোপূর্বে অত্র বিশ্ববিদ্যালয়ে যে সকল প্রকল্প প্রস্তাবনার উপর গবেষকগণ গবেষণার কাজ সম্পন্ন করেছেন এবং চলমান রয়েছে সেই সকল প্রকল্প প্রস্তাবনা গ্রহণযোগ্য হবে না।
০২. সংশ্লিষ্ট অনুষদের ডিন এবং প্রকল্প মূল্যায়নকারীর সুপারিশের ভিত্তিতে বরাদ্দকৃত সমূদয় অর্থের ৬০% প্রাথমিকভাবে প্রদান করা হবে।
০৩. বাজেট বিবরণীতে বরাদ্দকৃত টাকার ৫% দিয়ে সেমিনার আয়োজন আবশ্যিক। এই অর্থ অতিরিক্ত অনুদান হিসাবে বরাদ্দকৃত অনুদানের সঙ্গে প্রদান করা হবে।
০৪. অনুষদের সম্মানিত ডিন মহোদয়ের নির্দেশনা অনুসারে একটি সেমিনার আয়োজন করা হবে এবং উক্ত সেমিনারে গবেষণার চূড়ান্ত প্রতিবেদনটি উপস্থাপন করতে হবে।
০৫. গবেষণা-প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন/অভিসন্দর্ভটি প্রবন্ধ আকারে দেশি/বিদেশি কোন স্বীকৃত জার্নালে প্রকাশ করতে হবে। গবেষক কনফারেন্স ও প্রবন্ধ প্রকাশনার জন্য সর্বোচ্চ ৬০,০০০/- (ষাট হাজার) টাকা বাজেট বরাদ্দ পাবেন। প্রবন্ধের শেষে গবেষণাটি জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের আর্থিক আনুকূল্যে সম্পন্ন হয়েছে- এই মর্মে কৃতজ্ঞতা স্বীকার করতে হবে। প্রকাশিত আর্টিকেল/প্রবন্ধ অব্যাহত গবেষণা ও সম্প্রসারণ কেন্দ্রে জমা দিয়ে প্রত্যয়নপত্র সংগ্রহ করতে হবে।
০৬. সম্মানিত গবেষকবৃন্দ দেশী/বিদেশী যে কোন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/গবেষক/অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষাছুটিতে থাকা কোন শিক্ষক মহোদয়ের সাথে Research Collaboration করতে পারবেন এবং গবেষণা প্রস্তাবনায় তার পূর্ণ বিবরণ দিতে হবে। এক্ষেত্রে কোন অতিরিক্ত অর্থ বরাদ্দ থাকবে না। তবে Collaboration- এর মাধ্যমে যৌথ প্রকাশনা করা যাবে।
০৭. গবেষণা-প্রকল্প পরিচালক স্নাতকোত্তর/৪র্থ বর্ষের স্নাতক শ্রেণির একজন শিক্ষার্থীকে গবেষণা সহকারী হিসেবে নিয়োগ দিতে পারবেন। একজন শিক্ষার্থী একের অধিক গবেষকের গবেষণা সহকারী হতে পারবেন না।
০৮. বরাদ্দকৃত অর্থ প্রাপ্তির পর গবেষণার কাজ না করলে গবেষণা-প্রকল্প প্রস্তাবকের বেতন থেকে উক্ত অর্থ কর্তন করা হবে।
০৯. জমাকৃত চূড়ান্ত প্রতিবেদন/অভিসন্দর্ভটির Plagiarism Check করা হবে এবং ২০%-এর অধিক সাদৃশ্য থাকলে সেটি গৃহীত হবে না। এছাড়া AI (i.e.Chat Gpt) স্কোর ২০% এর বেশি থাকলে সেই প্রতিবেদনটিও গৃহীত হবে না।
১০. উল্লেখ্য যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে যে সকল সম্মানিত গবেষকগণ গবেষণা প্রস্তাবনার অনুমোদন পেয়েছেন, সেই সকল গবেষকগণ ২০২৫-২০২৬ অর্থ বছরের গবেষণার চূড়ান্ত প্রতিবেদন জমাদান সাপেক্ষে পরবর্তী ২০২৬-২০২৭ অর্থ বছরের জন্য গবেষণা প্রস্তাবনার চূড়ান্ত মনোনয়নের জন্য বিবেচিত হবেন।
১১. সেমিনার মূল্যায়ন প্রতিবেদনসহ গবেষণা-প্রকল্প প্রতিবেদন/অভিসন্দর্ভ এর ০২(দুই) কপি প্রাথমিকভাবে জমা দিতে হবে। জমাকৃত প্রতিবেদন একজন বিশেষজ্ঞ সদস্যের নিকট মূল্যায়নের জন্য প্রেরণ করা হবে।
মূল্যায়নকারীর মতামতে সামান্য (Minor) সংশোধনী থাকলে গবেষক সেগুলির সংশোধনপূর্বক চূড়ান্ত কপি গবেষণা ও সম্প্রসারণ কেন্দ্রে জমা দিবেন; মূল্যায়নকারীর মতামতে অধিকতর (Major) সংশোধনী থাকলে গবেষক সেগুলির সংশোধনপূর্বক চূড়ান্ত কপি গবেষণা ও সম্প্রসারণ কেন্দ্রে জমা দিবেন; কিন্তু মূল্যায়নকারীর মতামতে গবেষণা প্রতিবেদনটি গ্রহণ করা সম্ভব নয় (Can't be Accepted) এরকম নেতিবাচক মন্তব্য থাকলে মূল্যায়নকারীর মতামত অনুসারে প্রয়োজনীয় সংশোধনপূর্বক গবেষককে পুনরায় চূড়ান্ত প্রতিবেদন জমা দিতে হবে। উক্ত প্রতিবেদনটি পরিচালক, গবেষণা ও সম্প্রসারণ কেন্দ্র কর্তৃক ভিন্ন একজন বিশেষজ্ঞের নিকট মূল্যায়নের জন্য পুনরায় পাঠানো হবে। এক্ষেত্রে দ্বিতীয়বার মূল্যায়নের যাবতীয় খরচ গবেষককে নিজ দায়িত্বে বহন করতে হবে।
১২. সমূদয় অর্থের (প্রাথমিক ৬০% ও পরবর্তী ৪০%) সমন্বয়সহ বুকবাইন্ডিংপূর্বক গবেষণা প্রকল্পের ০৪(চার) কপি চূড়ান্ত প্রতিবেদন/অভিসন্দর্ভ গবেষণা ও সম্প্রসারণ কেন্দ্রে জমা দিতে হবে। প্রতিবেদনের একটি সফট কপি সংযুক্ত ইমেইলে report.researchcenter@knu.edu.bd প্রেরণ করতে হবে।
১৩. সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে প্রতিবেদন মূল্যায়নকারী ও গবেষণা পরিচালনা পর্ষদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(ড. মো. হাবিবুর রহমান)

পরিচালক, গবেষণা ও সম্প্রসারণ কেন্দ্র

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ।